



বাংলাদেশে বিদ্যুৎ পাওনা মেটাতে আন্তর্জাতিক সালিশের পথে আদানি গ্রুপ



সংগৃহীত ছবি

ভারতের আদানি গ্রুপ বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত বকেয়া টাকা নিয়ে চলমান বিরোধ সমাধানের জন্য আন্তর্জাতিক সালিশের ব্যবস্থা বিবেচনা করছে।

বার্তাসংস্থা রয়টার্স জানিয়েছে, প্রতিষ্ঠানটির এক কর্মকর্তা এমন তথ্য দিয়েছেন।

আদানি গ্রুপের মুখপাত্র বলেন, “কিছু বিল ও ব্যয়ের হিসাব নিয়ে দুই পক্ষের মধ্যে মতবিরোধ রয়েছে। তবে উভয়ই সমাধানে আগ্রহী এবং দ্রুত ও উভয়ের জন্য লাভজনক সমাধানের আশাবাদ ব্যক্ত করেছে।”

বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি উপদেষ্টা মোহাম্মদ ফওজুল কবির খান রয়টার্সকে জানিয়েছেন, “আলোচনা এখনও চলমান। প্রয়োজন হলে আন্তর্জাতিক সালিশের পথ নেওয়া হবে।” গৌতম আদানির নেতৃত্বাধীন প্রতিষ্ঠানটি ২০১৭ সালের চুক্তির আওতায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)-কে বিদ্যুৎ সরবরাহ করছে। বর্তমানে এটি দেশের মোট বিদ্যুৎ চাহিদার প্রায় এক-দশমাংশ পূরণ করে। তবে বকেয়া অর্থ পরিশোধের বিষয়টি দীর্ঘদিন ধরে দুই পক্ষের মধ্যে টানা পোড়েনের মূল কারণ হয়ে দাঁড়িয়েছে।